



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/সাত-১২/২/ ২২৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯
১০ আগস্ট ২০২২

বিষয়: মাদ্রাসার জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র:
- ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং- বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-১২/২২৭৯/৬; তারিখ: ২৬/০৬/২০১৯ খ্রি.
 - ২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং- বামাশিবো/প্রশা/সাত-১২/২/৮২; তারিখ: ০৪/০৪/২০২২ খ্রি.
 - ৩। উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা এর স্মারক নং-০৫.৪৪.৮৭২৫.০০১.১০.০২১.২২-৪৬৩; তারিখ: ১৮/০৫/২০২২ খ্রি.
 - ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং- বামাশিবো/প্রশা/সাত-১২/২/১১৩; তারিখ: ৩০/০৬/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলাধীন হাদিপূর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক-আইসিটি জনাব মোঃ ফজর আলী কে সূত্রোক্ত ০১ নং স্মারকে সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক স্বপদে পুনর্বহাল করে পত্র জারি করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগে সহকারী শিক্ষক-আইসিটি জনাব মোঃ ফজর আলী কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং ৭৫৫২/২০২১ এ প্রদত্ত রায়ে তাঁকে পুনর্বহাল সংক্রান্ত বোর্ডের সূত্রোক্ত ০১ নং স্মারকের নির্দেশনা বহাল রাখা হয় এবং সাময়িক বরখাস্ত থাকাকালীন বেতন ভাতা প্রদান সংক্রান্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এ প্রদত্ত রায় মোতাবেক তা বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে জনাব মোঃ ফজর আলী, সহকারী শিক্ষক-আইসিটি পত্র জারির পর থেকে স্ব-পদে দায়িত্ব পালন করবেন এবং সাময়িক বরখাস্ত থাকাকালীন বেতন ভাতা প্রদান সংক্রান্ত রিট পিটিশন ৩৬৫৭/২০১৫ এ প্রদত্ত রায়ে নির্দেশনা মোতাবেক তা বাস্তবায়নের জন্য পত্র জারি করা হয়। জনাব মোঃ ফজর আলীকে দায়িত্ব পালনে বাধা প্রদান ও বেতন ভাতা প্রদান না করে অধ্যক্ষ মহামান্য আপীল বিভাগে CP No ১৮/২০২২ দায়ের করে। মহামান্য আপীল বিভাগ কর্তৃক হাইকোর্ট বিভাগের আদেশের বিরুদ্ধে No Order প্রদান করায় হাইকোর্ট বিভাগের আদেশ বহাল থাকে। তদুপরি অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালাম বোর্ডের, মহামান্য হাইকোর্ট বিভাগ এবং আপীল বিভাগের নির্দেশনা অমান্য করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে। দীর্ঘদিন মাদ্রাসায় পরিচালনা কমিটি না থাকায় গত ১১/০৪/২০২২ খ্রি. তারিখ উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা মাদ্রাসাটি পরিদর্শন করেন। পরিদর্শনকালে অধ্যক্ষ অনুমোদিত ছুটি ব্যতীত বিগত ২৬/০৩/২০২২ খ্রি. তারিখ থেকে অদ্যবধি অনুপস্থিত আছেন এবং প্রতিষ্ঠানের আয়-ব্যয়/হিসাব বিবরণী, ক্যাশ বহি ও অন্যান্য রেজিস্ট্রারপত্র দেখতে চাওয়া হলে মাদ্রাসার হিসাব সহকারী তা প্রদর্শনে ব্যর্থ হয়েছেন মর্মে সূত্রোক্ত ০৩ নং স্মারক পত্রে বোর্ড কে অবহিত করা হয়।

বর্ণিত অবস্থায়, উক্ত মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে এমপিও বন্ধের সুপারিশসহ কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে প্রদানের জন্য সূত্রোক্ত ০৪ নং স্মারকে কারণ দর্শানো পত্র দেয়া হলে অধ্যক্ষ জবাব দাখিল করেছেন। জবাব পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার অধ্যক্ষ সহকারী শিক্ষক-আইসিটি জনাব মোঃ ফজর আলী এর যোগদানপত্র গ্রহণ করেছেন কিন্তু সার্বিকভাবে মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোঃ আব্দুস সালাম এর কার্যক্রম মাদ্রাসা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সহায়ক নয়।

বর্ণিত অবস্থায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে মাদ্রাসার জ্যেষ্ঠ শিক্ষক কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা কে অনুরোধ করা হলো এবং দায়িত্ব প্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের মাধ্যমে নিয়মিত কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি অনুমোদন, একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি এবং মাদ্রাসার আইডি পাসওয়ার্ড পরিবর্তনের আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২০. ০৮. ২০২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/সাত-১২/২/ ২২৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৯
১০ আগস্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেবহাটা, সাতক্ষীরা;
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি., শাখা, দেবহাটা, সাতক্ষীরা;
৫. সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসা পরিচালনা কমিটি, হাদিপূর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসা, দেবহাটা, সাতক্ষীরা;
৬. জনাব মোঃ আব্দুস সালাম, হাদিপূর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসা, দেবহাটা, সাতক্ষীরা;
৭. শিক্ষক/কর্মচারীবৃন্দ, হাদিপূর জগন্নাথপুর আহছানিয়া আলিম মাদ্রাসা, দেবহাটা, সাতক্ষীরা;
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১১. অফিস কপি।

২০/৮/২২

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd